

# শাবিপ্রবির দেয়ালে গ্রাফিতিতে তুলে ধরা হলো 'বাঙালি সংস্কৃতি'

✍ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক শাবিপ্রবি

🕒 প্রকাশিত: ০৩:১৫ পিএম, ১৬ ডিসেম্বর ২০২২



বিভিন্ন শাসন আমলে বাঙালি সংস্কৃতি কেমন ছিল তা তুলে ধরতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) নৃবিজ্ঞান বিভাগের ২৬তম ব্যাচের উদ্যোগে দেয়ালে দেয়ালে গ্রাফিতি অংকন করা হয়েছে।

শুক্রবার (১৬ ডিসেম্বর) সকাল ১০টায় বিজয় দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন ডি এর নিচতলায় নৃবিজ্ঞান বিভাগের সম্মুখের তিন দিকের দেয়ালে এসব গ্রাফিতির উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।



গ্রাফিতি অংকনের বিষয়ে নৃবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক আ ফ ম জাকারিয়া বলেন, নৃবিজ্ঞান বিভাগের প্রথম বর্ষের (২৬তম ব্যাচ) শিক্ষার্থীদের উদ্যোগে এসব গ্রাফিতি অংকন করা হয়েছে। মূলত দেশের ইতিহাস, সমাজ ও সংস্কৃতি নামক একটি কোর্স থেকে তারা অনুপ্রাণিত হয়েই এ উদ্যোগ নিয়েছে। গ্রাফিতিতে প্রাগৈতিহাসিক, প্রাচীন, ব্রিটিশ, পাকিস্তান আমল ও বাংলাদেশ সময়ের বিভিন্ন সংস্কৃতি তুলে ধরা হয়েছে।



তিনি আরও বলেন, এমন উদ্যোগের জন্য বিভাগের পক্ষ থেকে তাদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।



গ্রাফিতি উদ্বোধনকালে আরও উপস্থিত ছিলেন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. আখতারুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক অধ্যাপক আমিনা পারভীন, প্রক্টর ইশরাত ইবনে ইসমাইল, বিভিন্ন অনুষদের ডিন ও নৃবিজ্ঞান বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা।

নাসিম আহমদ শুভ/এএইচ/এএসএম